

দে তোরা আমায় নূতন ক'রে দে  
 নূতন আভরণে ।  
 হেমন্তের অভিসম্পাতে  
 রিক্ত অকিঞ্চন কাননভূমি;  
 বসন্তে হোক দৈন্যবিমোচন  
 নব লাবণ্যধনে ।  
 শূন্য শাখা লজ্জা ভুলে যাক  
 পল্লব-আবরণে ।  
 বাজুক প্রেমের মায়ামন্ত্রে  
 পুলকিত প্রাণের বীণায়ন্ত্রে  
 চিরসুন্দরের অভিবন্দনা ।  
 আনন্দচঞ্চল নৃত্য অঙ্গে অঙ্গে বহে যাক  
 হিল্লোলে হিল্লোলে,  
 যৌবন পাক সম্মান  
 বাঞ্ছিতসম্মিলনে ॥

---

Parjaay: Chitrangada, Taal: Kaharwa, Raag: Bhairavi  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail